365

দৈনিক ইত্তেফাক

তারিখ FEB 21 1999
পৃষ্ঠা ৪ কলাম ৭

## ঢাকা বিশ্ববিদ্যালয় সমীপে ঃ সত্বর ফল প্রকাশের আবেদন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯২-৯৩ সেসনের এল,এল,বি চূড়ান্ত পরীক্ষা নির্ধারিত সময়ের ৪ বৎসর পর অবশেষে '৯৭ সালে অনুষ্ঠিত হইয়াছে। ইতিমধ্যে ১৫ মাস পার হইয়া গেলেও ফলাফল প্রকাশের কোন লক্ষণ নাই। অথচ পরীক্ষা শেষ হওয়ার ৩ মাসের মধ্যে ফলাফল প্রকাশের বিধান রহিয়াছে। একদিকে নির্ধারিত সময়ে পরীক্ষা অনুষ্ঠিত না হওয়া এবং অপরদিকে ফলাফল প্রকাশে বিলম্ব হওয়ায় আমাদের জীবন হইতে মূল্যবান সময় খসিয়া যাইতেছে। মাত্র ২ বৎসরের একটি কোর্স সম্পন্ন করিতে যদি ৮ বৎসর লাগিয়া যায়, তবে সাধারণ ছাত্র-ছাত্রীদের মধ্যে অনেকেই পড়াশোনা করার মনমানসিকতা থাকে না। মাত্র ৭টি পত্রের ফলাফল প্রকাশ করিতে কেন এত বিলম্ব হইতেছে তাহা আমাদের বোধগম্য নহে। এ ব্যাপারে খোঁজ-খবর নিয়াও কোন সদুত্তর পাওয়া যাইতেছে না। সঙ্গত কারণেই আমরা ফল প্রত্যাশী ছাত্র-ছাত্রীরা তীব্র হতাশার মধ্যে কালাতিপাত করিতেছি। এমতাবস্থায়, অনতিবিলম্বে এল,এল,বি পরীক্ষার ফলাফল প্রকাশ করিবার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মোঃ এনামুল হক সবুজ,
গ্রাম ও ডাক ঃ নশাসন,
থানা ঃ নড়িয়া,
জেলা ঃ শরীয়তপুর।

॥ ২ ॥

আমরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯৪ সালের মাস্টার্স বাংলা ফাইনাল পরীক্ষা গত বৎসর সম্পন্ন করিয়াছি। ইতিমধ্যে দীর্ঘ দশটি মাস পার হইয়া গেলেও ফলাফল প্রকাশের কোন লক্ষণ দেখা যাইতেছে না। আমরা বাংলার ছাত্র-ছাত্রীগণ উক্ত ফলাফলের জন্য চাকুরীতে আবেদন করিতে না পারিয়া হতাশার মধ্যে দিনাতিপাত করিতেছি। এমতাবস্থায়, অত্র পরীক্ষার ফল যাহাতে অনতিবিলম্বে প্রকাশিত হইতে পারে, সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন জানাইতেছি।

এস.কে আশফাক আহমেদ,
কে.এন সাখমোন (সুজন),
চরকাটিহারী, হোসেনপুর
কিশোরগঞ্জ।